গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
ঢাকা মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
৩৬, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, রমনা, ঢাকা-১০০০
www.dmp.gov.bd



নথি নং: ডিএমপি(স.দ.)/প্রশাসন/নিয়োগ/এ-৮৪-২০২৬/২৫০৯

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ / ০৪ নভেম্বর ২০২৬

"নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং- ৪৪.০০.০০০০.০৯৫.০২.০১৩.২১-৮৭, তারিখ-২৪/০৬/২০২৬খ্রি. অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের নন-পুলিশ কর্মচারীগণের (গ্রেড-১৩, ১৪, ১৬ ও ২০) ২০ (বিশ) টি শূন্যপদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে সকল জেলার প্রকৃত স্থায়ী বাসিন্দাদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্তসাপেক্ষে (http://dmp.teletalk.com.bd) ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, অনলাইন ব্যতীত অন্য কোনো উপায়ে আবেদন গ্রহণ করা হবে না।

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও বেতনস্কেল	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১.	সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) বেতনস্কেল: ২৪০০০-৫৮০০০/-	০১ (এক) টি	সর্বোচ্চ ৩২ বছর	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।	সকল জেলা
০২.	কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) বেতনস্কেল: ২৪০০০-৫৮০০০/-	০৬ (ছয়) টি		(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।	
০৩.	সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) বেতনস্কেল: ২৩৫০০-৫৬৮০০/-	০৩ (তিন) টি		(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।	
০৪.	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) বেতনস্কেল: ২১৯০০-৫২৯০০/-	০৮ (আট) টি		(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।	
০৫.	অফিস সহায়ক (গ্রেড-২০) বেতনস্কেল: ২০০০০-৪৮৪০০/-	০২ (দুই) টি		(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	

শর্তাবলি:

১। ০১/১১/২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ বছর অথবা বয়স নির্ধারণের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ প্রজ্ঞাপন প্রযোজ্য হবে। তবে বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি, শর্তাবলি, করণীয় সংক্রান্তে এবং পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dmp.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন ও বিস্তারিত তথ্যাদি পাবেন।

৪। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকরি প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতি পত্র প্রদর্শন করতে হবে।

৫। মিথ্যা তথ্য দিয়ে আবেদনপত্র পূরণ করলে তা বাতিল বলে গণ্য হবে।

৬। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে বিজ্ঞপ্তির ক্রমিক নং-(১) এ বর্ণিত সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর, ক্রমিক নং- (২) এ বর্ণিত কম্পিউটার অপারেটর, ক্রমিক নং-(৩) এ বর্ণিত সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, ক্রমিক নং-(৪) এ বর্ণিত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ক্রমিক নং-(৫) এ বর্ণিত অফিস সহায়ক পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে Online-এ দাখিলকৃত Application Form এর প্রিন্ট কপিসহ নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবে:

(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;
(খ) সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও কম্পিউটার প্রশিক্ষণ সনদের মূলকপি ;

CamScanner
bekarsfeed.com

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও চারিত্রিক বৈশিষ্ট্যের মূল সনদ;

(ঘ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যাদের আবেদনের ক্ষেত্রে তার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের মূলকপি, মুক্তিযোদ্ধার সরকারি গেজেট;

(ঙ) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ;

৭। শূন্যপদ পূরণ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১, তারিখ-২৩/৭/২০২৪খ্রি. যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।

৮। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে), মৌখিক পরীক্ষা ও যোগদানের সময়সূচি ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকার নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.dmp.gov.bd) এবং প্রার্থীদের মুঠোফোনে এসএমএস (SMS) এর মাধ্যমে জানানো হবে।

৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১০। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

১১। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১২। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে প্রার্থীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৩। উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

১। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://dmp.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(ক) Online-এ আবেদন পত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১২/১১/২০২৬ খ্রিঃ সকাল-১০:০০ ঘটিকা।
(খ) Online-এ আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩০/১১/২০২৬ খ্রিঃ বিকাল-০৫:০০ ঘটিকা।
উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

২। Online আবেদন পত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

৩। Online আবেদন পত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৪। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ক্রমিক নং ১ থেকে ৪ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ক্রমিক নং-০৫ এর জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।তবে সকল পদের অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃগোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের) প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষার ফি ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরত যোগ্য) পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Onlineআবেদন পত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

SMS নিয়মাবলি:-

প্রথম SMS: **DMP<space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **DMP ABCDEF** & send to 16222
Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **DMP**<Space>YES<space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS: **DMP<space>YES<space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **DMP YES 12345678** & send to 16222
Reply: Congratulations! Applicant's Name, Payment Completed Successfully for DMP Application for (Post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

CamScanner

৫। প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://dmp.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক ভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৬। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

৭। শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে DMP<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: DMP Help User ABCDEF & Send to 16222.
(খ) PIN Number জানা থাকলে DMP<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: DMP Help PIN 12345678 & Send to 16222.

৮। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ঢাকা মেট্রোপলিটন পুলিশের ওয়েবসাইট www.dmp.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dmp.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

৯। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DMP, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১০। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(মোঃ শাহরিয়ার আলী, বিপিএম)
বিপি-৮১০৬১১৯৬৮০
উপ-পুলিশ কমিশনার (সদরদপ্তর ও প্রশাসন)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
ও
সদস্য-সচিব
বিভাগীয় নিয়োগ কমিটি
ফোন-৪৮৩১০৪৪২, ফ্যাক্স-৪৮৩১৮২১০
E-mail: dchq@dmp.gov.bd

CamScanner
bekarsfeed.com